

মার্চ/২০২২ইং মাসে অনুষ্ঠিত যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার
রেজুলেশন।

সভাপতিঃ জনাব, পলাশ কুমার মল্লিক,
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কেশবপুর, যশোর।

সভার তারিখঃ-০৩/০৩/২০২২ইং

সময় সকালঃ-১১.০০ ঘটিকা

স্থানঃ- উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-খ”


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও স্বাগত জানান। অতঃপর উপজেলা প্রকৌশলী সভায় সকলকে জানান যে ২০২১-২০২২ইং অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতাধীন প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়িত অনেক প্রকল্পের কাজ সম্পন্ন পূর্বক বিল প্রদান করা হয়েছে। প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়িত বাকি কাজগুলো দ্রুত সম্পন্ন হবে। এছাড়া টেন্ডার প্রক্রিয়ার কাজ চলমান আছে, এবং আগামী ০৭/০৩/২২ইং তারিখে টেন্ডার Opening হবে ও যথা সময়ে সকল কাজ সম্পন্ন হবে বলে তিনি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। তাছাড়া উপজেলা প্রকৌশলী জানান যে, কেশবপুর উপজেলাধীন বিভিন্ন রাস্তার পার্শ্ব পুকুর/ঘের মালিকগণ তারা রাস্তাকে পুকুর বা ঘেরের ভেড়ি হিসেবে ব্যবহার করছে। রাস্তাকে পুকুর বা ঘেরের ভেড়ি হিসেবে ব্যবহার করছে এমন রাস্তাগুলির নাম উল্লেখ করা হলো।

ক্র:নং	রাস্তার আইডি নং	রাস্তার নাম	গ্রামের নাম
১.	২৪১৩৮২০০২	কেশবপুর-কাটাখালী-নেহালপুর সড়ক	ক্ষতিয়াখালী, মাগুরা ডাঙ্গা, নারায়নপুর, কাটাখারী, কালিচরনপুর রাস্তার পার্শ্ব ঘের বা পুকুর আছে।
২.	২৪১৩৮৩০০২	কেশবপুর-ভরতভায়না ভায়া ভেরচী সড়ক	বড়েঙ্গা, মাগুরখালী ঘাঘা, বংশীর বটতলা, বুরুলী রাস্তার পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৩.	২৪১৩৮৩০০৬	পাঁজিয়া বাজার ইউপি-মনোহরনগর সড়ক	পাঁজিয়া বাজার ইউপি-মনোহরনগর সড়কের দুই পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৪.	২৪১৩৮৩০১১	পাঁজিয়া - হদের হাট সড়ক	পাঁজিয়া স্কুল, হদের বাজারের পরে সড়কের দুই পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৫.	২৪১৩৮৩০১৪	পাঁজিয়া ইউপি-বুরুলী বাজার সড়ক	পাঁজিয়া ইউপি-বুরুলী বাজার সড়কের ৫০০মিঃ পর হতে দুই পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৬.	২৪১৩৮২০১৩	চিংড়া জিসি হতে সরসকাটি আরএইচডি সড়ক	মেহেরপুর ও সরসকাটি এলাকায় সড়কের ৫০০মিঃ পর হতে সড়কের পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৭.	২৪১৩৮২০০৩	চুকনগর - কাটাখালী সড়ক	সুফলাকাটি, সারুটিয়া এলাকায় সড়কের পার্শ্ব ঘের বা পুকুর আছে।
৮.	২৪১৩৮৩০০৮	বিদ্যানন্দকাটি ইউপি-পরচক্রা বাজার সড়ক	বিদ্যানন্দকাটি ইউপি-পরচক্রা বাজার সড়কের পার্শ্ব ঘের বা পুকুর আছে।

৯.	২৪১৩৮৩০১০	বাকাবর্শী নতুন হাট- ডুর্বাডাঙ্গা ইউপি ভায়া গড়ভাঙ্গা সড়ক।	ডুর্বাডাঙ্গা ইউপি ভায়া গড়ভাঙ্গা এলাকায় সড়কের পার্শ্বে ঘের বা পুকুর আছে।
----	-----------	--	--

সিদ্ধান্তঃ- বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত করে কাজ বাস্তবায়ন ও প্রকল্প কমিটির মাধ্যমে কাজগুলি দ্রুত সমাপ্ত করা এবং রাস্তাকে পুকুর বা ঘেরের ভেড়ি হিসেবে ব্যবহার করছে এমন ঘের মালিকদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে আন্তরিকধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



পলাশ কুমার মল্লিক
সভাপতি

উপজেলা প্রকল্প বাছাই কমিটি


ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ৪। উপজেলা.....কর্মকর্তা, (সংশ্লিষ্ট কমিটির সদস্য), কেশবপুর, যশোর।
- ৫। চেয়ারম্যান(ইউপি)সকল, কেশবপুর, যশোর।
- ৬। অফিস নথি।



(মোঃ সাইফুল ইসলাম মোল্লা)

সদস্য সচিব

উপজেলা প্রকল্প বাছাই কমিটি

ও

উপজেলা প্রকৌশলী

কেশবপুর, যশোর।